গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

**হাইড্রোকার্বন ইউনিটের মার্চ/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরনী**

| | |
|---|---|
| সভাপতি | মো: শামীম খান<br>মহাপরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ২১.০৩.২০২৪ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | কনফারেন্স রুম |
| উপস্থিতি | সকল কর্মকর্তা |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব দীপক কুমার চক্রবর্তী (পরিচালক) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। হাইড্রোকার্বন ইউনিটের সার্বিক কার্যক্রম পর্যালোচনার নিমিত্ত নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | <u>সেমিনার সংক্রান্ত</u><br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর ১.১ কার্যক্রমের অংশ হিসেবে সমসাময়িক জ্বালানি বিষয় নিয়ে ৪টি সেমিনার/ওয়ার্কশপ এবং ১.২ কার্যক্রমের অংশ হিসেবে বিকল্প জ্বালানি নিয়ে ২ টি সেমিনার/ওয়ার্কশপ করার বাধ্যবাধকতা রয়েছে। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জানান সমসাময়িক জ্বালানি বিষয় নিয়ে এখন পর্যন্ত ৪টি এবং বিকল্প জ্বালানি নিয়ে ১ টি সেমিনার আয়োজন করা হয়েছে। বিকল্প জ্বালানি নিয়ে ১ টি সেমিনার আয়োজিত হলে লক্ষ্যমাত্রা অর্জিত হবে। মহাপরিচালক মহোদয় একটি সেমিনার আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। | সেমিনার আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক (অপারেশন) |

| | | | |
|---|---|---|---|
| ০২ | <u>**প্রশানিক র্কাযক্রম**</u><br>ক) মহাপরিচালক মহোদয় ওয়েবসাইট হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>খ) মহাপরিচালক মহোদয় সহাকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান, হাইড্রোকার্বন ইউনিটের শূন্য পদে জনবল নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় আইন ও বিচার বিভাগের মতামত গ্রহণের জন্য পত্র প্রেরণ করেছেন। মহাপরিচালক মহোদয় আইন ও বিচার বিভাগ হতে মতামত গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ক) ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।<br><br>খ) আইন ও বিচার বিভাগ থেকে মতামত গ্রহণপূর্বক কার্যক্রম শুরু করতে হবে। | ক) উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)<br><br>ক) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |
| ০৪ | <u>**অর্গানোগ্রাম সংশোধন**</u><br>পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) হাইড্রোকার্বন ইউনিটের অর্গানোগ্রাম সংশোধন, আলাদা ল্যাব প্রস্তুতকরণ এবং বড় পরিসরে অফিস কাঠামো প্রস্তুতকরণ বিষয়ে আলোচনা করে বলেন, মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে। | হাইড্রোকার্বন ইউনিটের অর্গানোগ্রাম সংশোধন করতে হবে। | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন); সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব); সহকারী পরিচালক (পরিকল্পনা) |
| ০৫ | <u>**প্রকল্প সংক্রান্ত**</u><br>সহকারী পরিচালক (পরিকল্পনা) জানান, গত ২১-০১-২০২৪ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ৩ এর (ঙ) এর সিদ্ধান্ত মোতাবেক হাইড্রোকার্বন ইউনিট দেশের গ্যাস রিজার্ভের সর্বশেষ অবস্থা বিষয়ে সার্ভে পরিচালনা করবেন এবং সার্ভে পরিচালনার জন্য ব্যয়িত অর্থ পেট্রোবাংলার আওতাধীন বাপেক্স, বিজিএফসিএল এবং এসজিএফএল হতে নির্বাহ মহাপরিচালক মহোদয় কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বাপেক্স, বিজিএফসিএল এবং এসজিএফএল এবং সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে একটি সভা আয়োজনের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হবে। | কার্যক্রম গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (পরিকল্পনা) |
| ০৬ | <u>**ড্যাশর্বোড**</u><br>উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন ৭ টি প্রতিষ্ঠানের জন্য তৈরিকৃত ড্যাশবোর্ড চুড়ান্ত অনুমোদনের জন্য অপেক্ষাধীন রয়েছে। মহাপরিচালক মহোদয় ড্যাশবোর্ড এর সমস্ত আপডেট সম্পন্ন করার জন্য তাগিদ দেন। | ড্যাশবোর্ড এর সমস্ত অসম্পন্ন বিষয় আপটুডেট রাখতে হবে। | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-**<br>উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জানান, ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় কোয়ার্টারের কার্যক্রম চলমান রয়েছে। মহাপরিচালক ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় কোয়ার্টার এর সকল কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যেই সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) |
| ৮ | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা:**<br>ফোকাল পয়েন্ট জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। মহাপরিচালক শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে । | ফোকাল পয়েন্ট শুদ্ধাচার কৌশল |
| ৯ | **ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা**<br>ফোকাল পয়েন্ট জানান, ই গর্ভন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনার ৬.১ কার্যক্রমের ৬.১.১ সূচকের স্মার্ট বাংলাদেশ বিনির্মান বিষয়ক কর্মশালা আয়োজন করতে হবে এবং ৬.১.২ সূচক অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মান বিষয়ক পরিকল্পনা গ্রহণ করতে হবে। | সূচকের স্মার্ট বাংলাদেশ বিনির্মান বিষয়ক কর্মশালা আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| ১০ | **তথ্য অধিকার বিষয়ক**<br><br>পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) জানান, তথ্য অধিকার কর্মপরিকল্পনার ২.৩ কার্যক্রমের ২.৩.১ সূচকের অংশ অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| ১২ | **অডিট সংক্রান্ত**<br>_সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান হাইড্রোকার্বন ইউনিটে ১ টি অনিষ্পন্ন আপত্তি রয়েছে। হিসাবরক্ষণ কর্মকর্তা জানান, অগ্রীম অনুচ্ছেদ নং-০১ এর ব্রডশীট জবাব গত ০৪.০৪.২০১৬, ২০.০২.২০১৯., ১৭.১২.১৯ এবং ০৭.০১.২০২১ তারিখে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সাধারন অনুচ্ছেদ নং-০৩ এর অডিট আপত্তিটি স্ট্রেংদেনিং অব দি হাইড্রোকার্বন ইউনিট ইন দি এনার্জি এন্ড মিনারেল রিসোর্সের ডিভিশন (ফেজ-২) শীর্ষক প্রকল্পের মাইক্রোবাসটি নিলামে বিক্রয় করে বিক্রয়কৃত টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা দেওয়া হয়েছে। প্রমাণকসহ ব্রডশীট জবাব গত ১৪.০৬.২০২১ তারিখে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) ও হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ১৩ | **মামলা সংক্রান্ত**<br>সহকারী পরিচালক (অনুসন্ধান) জানান,_প্রকল্পের চাকুরী থেকে অব্যাহতি পাওয়ার পর রাজস্ব খাতের চাকুরীর জন্য মোঃ বদিউজ্জামান ও অন্যান্য কর্তৃক ১১৯১৯/২০১৪ এবং জেবুন নেছা ও অন্যান্য কর্তৃক ৪৭৪৫/২০১৫ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন মামলা দাখিল করে।<br>তিনি জানান মহামান্য হাইকোর্ট ডিভিশন মামলাটি শুনানী অন্তে Disposed of করে রায় প্রদান করেছে। | পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে | উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) এবং সহকারী পরিচালক (অনুসন্ধান) |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | <u>অন্যান্য বিষয়াদি</u><br><br>ক) মহাপরিচালক মহোদয়, সকল কর্মকর্তা /কর্মচারীকে যথাসময়ে অফিসে উপস্থিত থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করে প্রতি সপ্তাহে ডিজিটাল হাজিরার প্রিন্ট কপি জমা দেয়ার নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে চলা, ছাদ বাগানের পরিচর্যা, বিদুৎ ও পানি সাশ্রয় করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ক) প্রতি সপ্তাহে ডিজিটাল হাজিরার প্রিন্ট কপি জমা প্রদান করতে হবে; | উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) এবং সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।



২৫-০৩-২০২৪
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)
৮৩৯১০৭৫
hcu@hcu.org.bd

তারিখ: ১১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.০৬.০০৩.২৩.১০০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
২। উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৩। উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৪। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৫। সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৭। সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৮। সহকারী পরিচালক (অনুসন্ধান) , উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা , উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট এবং
১০। অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।।



২৫-০৩-২০২৪
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)